ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৪৪৪

ধর্মনগর, ৩ অক্টোবর, ২০২৪

**ধর্মনগর মহকুমা ভিত্তিক শচীন দেববর্মণ জন্মজয়ন্তী**

সুর সম্রাট শচীন দেববর্মণের জন্মজয়ন্তী গত ১ অক্টোবর ধর্মনগরে উদযাপন করা হয়। ধর্মনগর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে আয়োজিত হয় শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান। ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালি রাণী দাস সেন অনুষ্ঠানের উদ্বোধন করেন। এছাড়াও ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথিগণ শচীন দেববর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীবৃন্দ শচীন কর্তার বিভিন্ন গান ও নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক সঞ্জিব কুমার দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলাভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সমর চক্রবর্তী।

******